গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন
www.mofa.gov.bd

নং ১৯.০০.০০০০.১২১.০১.০১১.২০(৩১১)/ ১০২৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পররাষ্ট্র মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৩তম গ্রেডভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে http://mofa.teletalk.com.bd ওয়েবসাইটে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম/বেতনস্কেল | সর্বোচ্চ বয়স সীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর (Computer Operator) (গ্রেড-১৩) বেতনস্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/- | ৩০ বৎসর | ০৪(চার)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। (খ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | সকল জেলা |

২। **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

ক. ১০ মার্চ ২০২২ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলাম এর বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারী আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়রম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ছ. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ''জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারী প্রতিষ্ঠানের নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করা হবে।

জ. আবেদনকারীকে তাঁর সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

ঝ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ঞ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৩। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mofa.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ মার্চ ২০২২ সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১০ এপ্রিল ২০২২ বিকাল ৫:০০ টা।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রর একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনে প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: অনলাইনে আবেদনপত্র (**Application Form**) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **Teletalk pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও **Teletalk** এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলে পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।''

প্রথম SMS: **MOFA<space>User ID** লিখে Send করতে হবে করতে হবে 16222 নম্বর

Example: **MOFA ABCDEF**
Reply: Applicant's Name, Tk. 112 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type MOFA<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **MOFA<space>Yes<space>PIN** লিখে send করতে হবে 16222নম্বরে ।

Example: **MOFA YES XXXXXXXXX**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOFA Application for XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://mofa.teletalk.com.bd** অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়ের Website: www.mofa.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে: MOFA<space>Help<space>User<space>User ID** & Send to 16222.
Example: **MOFA HELP USER ABCDEF**

ii. **PIN Number জানা থাকলে: MOFA<space>Help<space>PIN<space>PIN No** & Send to 16222.
Example: **MOFA HELP PIN 12345678**

## ০৪। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ

(ক)

i. মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
ii. পূরণকৃত Application Form–এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
iii. সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
iv. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
v. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
vi. বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র, জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঙ) কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | নম্বর | | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| (ক) | (১) | | (২) | | (৩) | (৪) |
| | | লিখিত পরীক্ষা: | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | (১) | বাংলা | ২০ | ৯০ | | |
| | (২) | ইংরেজী | ২০ | | | |
| | (৩) | গণিত | ২০ | | | |
| | (৪) | কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান | ৩০ | | | |
| (খ) | (১) | মৌখিক | ১০ | ১০ | | |
| | | সর্বমোট | ১০০ | ১০০ | | |

(চ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পররাষ্ট্র মন্ত্রণালয়-এর **Website:** www.mofa.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.mofa.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ছ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা as.randt@mofa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: MOFA, Post Name: Computer Operator, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(জ) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(গৌতম কুমার দে)
সিনিয়র সহকারী সচিব (নীতি ও সংগঠন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।